

তারিখ: ২৫/০৫/২০২৩ খ্রি.

২০২২ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২২ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণের জন্য পরীক্ষার্থীকে Online-এ ডাটা এন্ট্রি সম্পন্ন করে সকল প্রকার পরীক্ষার্থীকে ফরম ডাউনলোড করার জন্য নির্দেশ দেয়া গেল। শুধু নিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে ডাউনলোডকৃত ফরমের প্রিন্টকপি এবং Pay Slip আগামী ১৫/০৬/২০২৩ তারিখের মধ্যে স্ব-স্ব বিভাগে অবশ্যই জমা দিতে হবে। এছাড়া অনিয়মিত/গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে ডাউনলোডকৃত ফরমের প্রিন্টকপি ও নির্ধারিত ফি আগামী ১২/০৬/২০২৩ হতে ১৫/০৬/২০২৩ তারিখের মধ্যে স্ব-স্ব বিভাগে সরাসরি জমা দিতে হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট: www.nubd.info/honours থেকে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য পাওয়া যাবে।

১। ফি জমাদানের পদ্ধতি: নিয়মিত পরীক্ষার্থীকে <https://sbl.com.bd:7070> লিংকে প্রবেশ করে National University Fees মেন্যু থেকে Form Fill-Up সিলেক্ট করে চাহিত সকল তথ্য এন্ট্রি দিয়ে নির্ধারিত ফি আগামী ১৫/০৬/২০২৩ তারিখের মধ্যে পরিশোধ করতে হবে।

২। অংশগ্রহণের যোগ্যতা:

(ক) নিয়মিত: ২০২১-২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা ২০২২ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

(খ) অনিয়মিত: ২০১৮-১৯, ২০১৯-২০ ও ২০২০-২১ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনকৃত যেসকল শিক্ষার্থী অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে। Not Promoted পরীক্ষার্থীকে পূর্ববর্তী বছরের পাসকৃত কোর্সে পরীক্ষা দিতে হবে না। তবে যারা ২০২১ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় “C” বা “D” গ্রেড পেয়েছে শুধুমাত্র তারাই এ পরীক্ষায় গ্রেড উন্নীত করার জন্য পরীক্ষা দেয়ার সুযোগ পাবে এবং “F” গ্রেড প্রাপ্ত সকল কোর্সে পরীক্ষা দিতে হবে।

(গ) গ্রেড উন্নয়ন: যেসকল শিক্ষার্থী ২০২১ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে Promoted হয়েছে তারা শুধুমাত্র “C” বা “D” গ্রেড প্রাপ্ত কোর্সে এ পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। ২০১৫-১৬, ২০১৬-১৭, ২০১৭-১৮, ২০১৮-১৯, ২০১৯-২০ ও ২০২০-২১ শিক্ষাবর্ষের যেসকল শিক্ষার্থী অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে “F” গ্রেড পেয়েছে তারা শুধুমাত্র “F” গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিতে পারবে। ২০২১ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C. Promoted প্রাপ্ত পরীক্ষার্থীদেরকে ২০২২ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অবশ্যই অনুপস্থিত পত্রে অংশগ্রহণ করতে হবে।

উল্লেখ্য যে, ২০১৩-১৪ ও ২০১৪-১৫ শিক্ষাবর্ষের এক বা একাধিক কোর্সে “F” গ্রেড প্রাপ্তদের ৫,০০০/- জমা দিয়ে ফরম পূরণ করতে পারবে।

৩। ফি বিবরণী:

বিষয়ের নাম	নিয়মিত	অনিয়মিত (পূর্বে অংশগ্রহণ করেনি)
বাংলা/ইংরেজি/ইতিহাস/ইসঃ ইতিহাস/দর্শন/রাষ্ট্রবিজ্ঞান/অর্থনীতি/ব্যবস্থাপনা/হিসাববিজ্ঞান	২,১০০/-	২,৩০০/-
পদার্থবিজ্ঞান	৩,১০০/-	৩,৩০০/-
প্রাণিবিজ্ঞান	৩,০৫০/-	৩,২৫০/-
উদ্ভিদবিজ্ঞান	৩,৩০০/-	৩,৫০০/-
গণিত	২,৯৫০/-	৩,১৫০/-
১ পত্র বিশিষ্ট পরীক্ষার্থীদের ক্ষেত্রে	--	১,০৫০/-
২ পত্র বিশিষ্ট পরীক্ষার্থীদের ক্ষেত্রে	--	১,৩০০/-
২০১৩-১৪ ও ২০১৪-১৫ শিক্ষাবর্ষের এক বা একাধিক কোর্সে “F” গ্রেড পরীক্ষার্থীদের ক্ষেত্রে	--	৫,০০০+৫০০/-

(প্রফেসর তুষার কান্তি বড়ুয়া)

অধ্যক্ষ

রাজশাহী সরকারি কলেজ

রাজশাহী পার্বত্য জেলা

বিতরণ:

১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাজশাহী;

২। সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ, রাজশাহী;

৩। বিভাগীয় প্রধান (সকল বিভাগ), অত্র কলেজ, রাজশাহী। তাঁকে আদায়কৃত পরীক্ষা ফি (অনিয়মিত পরীক্ষার্থী) আগামী ১৮/০৬/২০২৩ তারিখের মধ্যে কলেজের হিসাব শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো;

৪। হিসাব সহকারী, অত্র কলেজ, রাজশাহী;

৫। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাজশাহী। তাঁকে বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েবসাইটে প্রচার করার জন্য নির্দেশ দেয়া গেল;

৬। সংরক্ষণ নথি।